ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৩৫১

আমবাসা, ২২ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

**“গোমতী জেলা হাসপাতালের নিরাপত্তা লাটে, রাতের দখল নিচ্ছে নেশাখোররা,”**এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ১৭ অক্টোবর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, গোমতী জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারেনটেনডেন্ট এর প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, হাসপাতাল কর্তৃপক্ষের কাছে এই ধরনের কোনো তথ্য বা অভিযোগ পাওয়া যায়নি। তাছাড়া ইতিমধ্যেই জেলা হাসপাতালের রোগী কল্যাণ সমিতি(আরকেএস) সভায় সিদ্ধান্ত অনুসারে হাসপাতালের নিরাপত্তা ও সুরক্ষার স্বার্থে হাসপাতালের পেছনের প্রবেশ পথটি বন্ধ করে দেওয়া হয়েছে। এছাড়াও প্রত্যেকদিন উদয়পুর, রাধাকিশোরপুর পুলিশ ফাঁড়ির পুলিশ দ্বারা হাসপাতালের চারপাশে পর্যাপ্ত পাহারার ব্যবস্থা করা হয়েছে।

*****